

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 103/ WBHRC/SMC/2018


Date: 21.08.2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 19.08.2018, the news item is captioned 'মহিলাকে হিঁচড়ে নিয়ে গিয়ে ছিনতাই'.


Deputy Commissioner of Police, South-West Division is directed to make an enquiry into the matter and to furnish a report by 28th September, 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

মহিলাকে হিঁচড়ে নিয়ে গিয়ে ছিনতাই

নিজস্ব সংবাদদাতা

প্রাতর্ভ্রমণ সেরে ফেরার পথে বাড়ির সামনেই ছিনতাইবাজদের কবলে পড়লেন এক মহিলা। গাড়ি চেপে আসা ওই দুষ্কৃতীরা জানলা দিয়ে হাত বাড়িয়ে তাঁকে ধরে এবং টানা হ্যাঁচড়া করে বেশ কিছু দূর নিয়ে যায় বলে অভিযোগ। তার পরে মহিলার গলার হার ছিনিয়ে চম্পট দেয় তারা।

শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে রিজেন্ট পার্ক থানা এলাকায়। ওই দিনই আর একটি ছিনতাই হয়েছে সার্ভে পার্ক থানা এলাকার সন্তোষপুর অ্যাভিনিউ থার্ড রোডে।

পুলিশ সূত্রের খবর, রিজেন্ট পার্কের বাসিন্দা রুপা দাস জানিয়েছেন, তাঁর বাড়ি টালিগঞ্জের টেকনিশিয়াল স্টুডিয়ার কাছে কে এন নস্কর রোডে। ওই মহিলা জানান, প্রাতর্ভ্রমণ সেরে ফেরার পরে তিনি বাড়ি ঢুকছিলেন। তখন একটি গাড়ি তাঁর দিকে এগিয়ে আসে এবং চালকের পাশে বসে থাকা এক যুবক জানলা দিয়ে হাত বাড়িয়ে



■ এই এলাকাতেই শুক্রবার সকালে রুপাদেবীর (ইনসেটে) হার ছিনিয়ে পালায় দুষ্কৃতীরা। ছবি: দেবস্মিতা ভট্টাচার্য

রুপাদেবীর হাত টেনে ধরে। ওই অবস্থায় গাড়ি চলতে শুরু করলে তিনি রাস্তায় হিঁচড়ে প্রায় ৫০ ফুট এগিয়ে যান। এর পরে তাঁর গলার সোনার হারটি হিঁড়ে নিয়ে তাঁকে রাস্তায় ফেলেই পালিয়ে যায় দুষ্কৃতীরা।

শনিবারও আতঙ্ক কাটেনি ওই মহিলার। এ দিন রুপাদেবী বলেন, “ধাক্কা দিয়ে ফেলার পরে মনে হয়েছিল আমার উপর দিয়েই গাড়ি চালিয়ে দেবে?” রাস্তায় লোকজন না থাকায় তিনি চিৎকার করেও কারও সাহায্য পাননি বলে অভিযোগ। এর পরে থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন রুপাদেবী।

পুলিশ জানিয়েছে, অন্য একটি ঘটনায় শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ শ্রাবণী সেন নামে এক

মহিলা সন্তোষপুর অ্যাভিনিউ থার্ড রোডে বাস ধরার জন্য দাঁড়িয়েছিলেন। সেই সময়ে এক যুবক পিছন থেকে এসে তাঁর গলার সোনার হার টেনে নিয়ে পালায়।

এই ঘটনায় অবশ্য সিঁদুরে মেঘ দেখছেন পুলিশকর্মীদের একাংশ। তাঁরা বলছেন, বছর কয়েক আগে দক্ষিণ শহরতলিতে একের পর এক ছিনতাই হয়েছিল। সে সময়ে ধরপাকড় হওয়ায় ছিনতাইয়ের ঘটনায় লাগাম পরেছিল। কিন্তু এ বার তা কি ফের শুরু হয়েছে? রিজেন্ট পার্কের ঘটনায় পুলিশের সন্দেহ, ওই যুবকেরা সচ্ছল পরিবারের হতে পারে। আগেও দেখা গিয়েছে, ধনী পরিবারের সন্তানেরা মাদকের নেশায় এই ধরনের অপরাধে জড়ানো।